দৈনিক
ইনকিলাব

তারিখ: 17 SEP 2008
পৃষ্ঠা

### শিক্ষা দিবস আজ

# শিক্ষা অধিকার চত্বর আনুষ্ঠানিক উদ্বোধন করা হচ্ছে

স্টাফ রিপোর্টার

শিক্ষা দিবস আজ। ১৯৬২ সালে শিক্ষা নিয়ে আন্দোলনের প্রেক্ষাপটে এ দিবসটি পালিত হয়ে আসছে। দিবসটি পালন উপলক্ষে সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাষট্টির শিক্ষা আন্দোলন, তিরাশি থেকে নব্বই পর্যন্ত স্বৈরাচার ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সংঘটিত ছাত্র পৃঃ ১২ কঃ ৩

## শিক্ষা দিবস আজ

১২-এর পৃষ্ঠার পর

আন্দোলনে নিহত বীর শহীদদের স্মরণে ডিসিসি'র উদ্যোগে শিক্ষা অধিকার চত্বর-এর আজ আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ঢাকার মেয়র সাদেক হোসেন খোকা। শিক্ষা ভবনের উল্টো দিকে ত্রিকোণাকৃতি সড়কদ্বীপে শিক্ষা অধিকার চত্বর নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে বিশিষ্ট রাজনীতিক কাজী জাফর আহমেদ, সিরাজুল আলম খান, আব্দুর রাজ্জাক, রাশেদ খান মেনন, মতিয়া চৌধুরী, ড. মিজানুর রহমান শেলী, হায়দার আকবর খান রনো, খায়রুল কবির খোকন, সামসুজ্জামান দুদু প্রমুখ উপস্থিত থাকবেন।

**বাংলাদেশ আওয়ামী লীগ**

বাষট্টির শিক্ষা আন্দোলনের স্মৃতিবিজড়িত মহান 'শিক্ষা দিবস' উপলক্ষে আজ সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন উপ-কমিটির উদ্যোগে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের সেমিনার কক্ষে (২য় তলা) এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি জিল্লুর রহমান। আলোচনায় অংশগ্রহণ করবেন জাতীয় নেতৃবৃন্দ ও বিশিষ্ট শিক্ষাবিদগণ।

**সাম্রাজ্যবাদবিরোধী ৭টি সংগঠন**

বৈষম্যহীন বিজ্ঞানভিত্তিক, গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে সাম্রাজ্যবাদ ও তার দালাল শাসক শোষক শ্রেণীকে উচ্ছেদের আন্দোলন বেগবান করুন- এই আহবানকে সামনে রেখে জাতীয় ছাত্রদল, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্র যুব আন্দোলন, বিপ্লবী ছাত্র সংঘ, প্রগতি পাহাড়ী ছাত্র পরিষদ, সংস্কৃতির নয়া সেতু সমন্বয়ে গঠিত সাম্রাজ্যবাদবিরোধী ৭টি সংগঠনের পক্ষ থেকে সকাল ১১টায় মধুর কেন্টিন হতে বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচি সফল করার জন্য সমন্বয়ক শুভ্রা চক্রবর্তী সংগঠনের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান।